গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

----

স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.৫০১.০১.০১৪.২৫.২৮

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: নোয়াখালী জেলার চাটখিল উপজেলাধীন সিংবাহুরা গার্লস একাডেমি (১০৭২৮৩) এর স্বীকৃতির মেয়াদ নবায়ন প্রসঙ্গে।**

Received
২৯.০২.২০২৫

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে, তাঁর বিদ্যালয়ের স্বীকৃতির মেয়াদ ০১/০১/২০২৫ থেকে ৩১/১২/২০২৯ খ্রি. তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য বৃদ্ধি করা হলো। এবং নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০৩০ খ্রি. সাল পর্যন্ত এসএসসি পরীক্ষায় শিক্ষার্থীদের অংশ গ্রহণের অনুমতি দেয়া হলো।

শর্তসমূহ:

১. শিক্ষকগণকে পর্যায়ক্রমে বিএড প্রশিক্ষণে প্রেরণ করতে হবে।

২. সহ-পাঠ্য কার্যক্রম জোরদার করতে হবে।

৩. পাঠপরিকল্পনা অনুসরণপূর্বক শিক্ষকগণকে প্রাকপ্রস্তুতি গ্রহণ করে শিক্ষা উপকরণ ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে।

৪. বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের নিয়মিত ব্যবহারিক ক্লাস নিশ্চিত এবং বৈজ্ঞানিক যন্ত্রপাতি যত্নসহকারে রক্ষণাবেক্ষণ করতে হবে।

৫. বিদ্যালয়ের পাঠাগারের উন্নয়ন এবং ছাত্র-ছাত্রীদের নিয়মিত পাঠাভ্যাসের মনোভাব গড়ে তুলতে হবে।

৬. স্টাফিং প্যাটার্ন ঠিক রেখে ৩০% মহিলা শিক্ষক নিয়োগ করতে হবে।

৭. বিদ্যালয়ের চারপাশে কমপক্ষে ১০০টি ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপণ করে যথাযত রক্ষণাবেক্ষণ করতে হবে।

৮. এসএসসি পরীক্ষায় ন্যূনতম ৮০% শিক্ষার্থী পাস করানোর প্রচেষ্টা চালাতে হবে।

৯. বাধ্যতামূলক বয় স্কাউট, গার্লস গাইডস ও রেড ক্রিসেন্ট দল গঠন করতে হবে।

১০. বাধ্যতামূলক কম্পিউটার সংগ্রহ ও ইন্টারনেট সংযোগ দিতে হবে।

১১. শিক্ষার্থীদের বেত্রাঘাত থেকে বিরত থাকতে হবে।

১২. জাতীয় রাষ্ট্রীয় ও সরকার ঘোষিত দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় উদযাপন করতে হবে।

১৩. স্বীকৃতির মেয়াদ উত্তীর্ণের কমপক্ষে ০৬ (ছয়) মাস পূর্বে নবায়নের জন্য বোর্ডে আবেদন করতে হবে।

১৪. আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে প্রবিধান, ২০২৪ অনুযায়ী গঠিত অর্থ উপকমিটি ও নিরীক্ষক কর্তৃক প্রদত্ত আর্থিক প্রতিবেদন বোর্ডে দাখিল করতে হবে।

**১৫. আগামী ০১ (এক) বছরের মধ্যে বিদ্যালয়ের জমি ৭৫ শতাংশে উন্নীত করে বোর্ডে প্রমাণক দাখিল করতে করতে হবে।**

০৯-০২-২০২৫
রীতা চক্রবর্তী
বিদ্যালয় পরিদর্শক
৮৮০৮১৭৬৭০০ (ফোন)
৮৮০৮১৭৬৪৩৮ (ফ্যাক্স)

প্রধান শিক্ষক
সিংবাহুরা গার্লস একাডেমি (১০৭২৮৩), ডাক: সিংবাহুরা, উপজেলা: চাটখিল, জেলা: নোয়াখালী।।

স্মারক নম্বর: ৩৭.১৩.০০০০.৫০১.০১.০১৪.২৫.২৮/১ (৫)

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)।
৩। পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।
৪। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, নোয়াখালী।
৫। অফিস কপি, বিদ্যালয় শাখা-০১, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা।

১১-০২-২০২৫
রীতা চক্রবর্তী
বিদ্যালয় পরিদর্শক